



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
সাধারণ শাখা
www.rajbari.gov.bd

জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে উপদেষ্টা কমিটির ফেব্রুয়ারি ২০২৫ মাসের সভার
কার্যবিবরণী

সভাপতি	সুলতানা আক্তার জেলা প্রশাসক
সভার তারিখ	২০ ফেব্রুয়ারি ২০২৫
সভার সময়	সকাল ১১:৪৫
স্থান	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
উপস্থিতি	(সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী জেলা পর্যায়ে তথ্য অধিকার আইনের বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে উপদেষ্টা কমিটির সভার বিগত মাসের কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করার বিষয়ে গুরুত্বারোপ করেন।	রাজবাড়ী জেলায় সকল দপ্তরের প্রধানগণ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদ করবেন।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান
২	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা সম্পর্কে সম্যক ধারণা অর্জন করতে হবে এবং এ বিষয়ে যথাযথভাবে প্রতিপালন করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান
৩	তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা অনুযায়ী সরকারি কর্মকর্তাগণ যে যে তথ্য প্রকাশ বা প্রদানে বাধ্য নয় সে বিষয়গুলো তুলে ধরেন।	ক. যদি কোন আবেদনকারী তথ্যের জন্য আবেদন করেন, তাহলে তথ্য প্রদানযোগ্য হলে তা নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রদান করতে হবে, অন্যথায় তথ্য প্রদানযোগ্য না হলে বা তথ্য না থাকলে বিধি মোতাবেক আবেদনকারীকে জানিয়ে দিতে হবে। খ. তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে সংশ্লিষ্টদের অবহিত/সচেতন করতে হবে।	সংশ্লিষ্ট দপ্তর প্রধান

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২৫-০৩-২০২৫

সুলতানা আক্তার

জেলা প্রশাসক

০২-৪৭৮৮০৭৫৩৩ (ফোন)

০২-৪৭৮৮০৮০৫৯ (ফ্যাক্স)

dcrajbari@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৮২০০.০০০.০২৩.৬৫.০০০১.২৫.১৩২

তারিখ: ১১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব (রগটিন দায়িত্ব), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজবাড়ী।
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজবাড়ী।
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী।
- ৮। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী।
- ১০। সহকারী কমিশনার (আইসিটি শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী, (কার্যবিবরণী জেলার ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।



২৫-০৩-২০২৫

সুলতানা আক্তার

জেলা প্রশাসক